আমার এ কথাগুলো (سُبْحَانَ اللهِ، وَالْحَمْدُ لِلهِ، وَلَا إِلَهَ إِلَّا اللهُ، وَاللهُ أَكْبَرُ) অর্থাৎ ‘আল্লাহ সব দোষ থেকে পবিত্র, সমস্ত প্রশংসা আল্লাহর এবং আল্লাহ ব্যতীত কোন সত্য মাবূদ নেই, আল্লাহ সবচেয়ে বড়’ বলা বেশি প্রিয় সে সব কিছু থেকে, যার উপর সূর্য উদিত হয়।”

আবূ হুরায়রা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: আমার এ কথাগুলো (سُبْحَانَ اللهِ، وَالْحَمْدُ لِلهِ، وَلَا إِلَهَ إِلَّا اللهُ، وَاللهُ أَكْبَرُ) অর্থাৎ ‘আল্লাহ সব দোষ থেকে পবিত্র, সমস্ত প্রশংসা আল্লাহর এবং আল্লাহ ব্যতীত কোন সত্য মাবূদ নেই, আল্লাহ সবচেয়ে বড়’ বলা বেশি প্রিয় সে সব কিছু থেকে, যার উপর সূর্য উদিত হয়।”

[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেছেন, এসব মহান কালিমাগুলো দ্বারা আল্লাহ তা ‘আলার যিকির করা দুনিয়া ও দুনিয়ার মধ্যকার সবকিছু থেকে উত্তম। আর কালিমাগুলো হলো: (سبحان الله) ”আল্লাহ পবিত্র”: আল্লাহ সকল প্রকারের দোষ-ত্রুটিমুক্ত। (الحمد لله) “সমস্ত প্রশংসা আল্লাহর”: আল্লাহকে ভালোবাসা ও সম্মানের সাথে তাঁর পরিপূর্ণ গুণাবলির দ্বারা প্রশংসা করা। (لا إله إلا الله) “এবং আল্লাহ ব্যতীত কোন মাবূদ নেই: আল্লাহ ছাড়া কোন সত্য মাবূদ নেই। (الله أكبر) “আল্লাহু আকবর”: সব কিছু অপেক্ষা আল্লাহই বড় ও মহান।

http://sunnah.global/hadeeth/bn/show/6211